First India-Chile Joint Commission Meeting

October 16, 2020

প্রথম ভারত-চিলি যৌথ আয়োগ বৈঠক

অক্টোবর 16,2020

- 1. প্রথম ভারত-চিলি যৌথ আয়োগ বৈঠক অক্টোবর 16,2020 তারিখে ভার্চুয়ালি অনুষ্ঠিত হয়েছে। এই বৈঠকে যুগ্মভাবে সভাপতিত্ব করেছেন প্রজাতান্ত্রিক ভারতের বিদেশ মন্ত্রী ড. এস জয়শংকর এবং চিলি প্রজাতন্ত্রের বিদেশমন্ত্রী মহামান্য অ্যান্ড্রেস আলামান্ড জাভালা।
- 2. উভ্য়পক্ষ উল্লেখ করেছেন যে, বিদেশমন্ত্রী স্তরে দুই দেশের মধ্যে প্রথম প্রাতিষ্ঠানিক কথোপকখন হিসেবে ভারত-চিলির সম্পর্কের ক্ষেত্রে যৌথ আয়োগ বৈঠক একটি উল্লেখযোগ্য ঘটনা।
- বিদেশনীতির ক্ষেত্রে ভারতকে অগ্রাধিকারপ্রাপ্ত দেশ হিসেবে মান্যতা দেবার জন্য চিলির সিদ্ধান্তকে ভারত স্বাগত জানিয়েছে। চিলি খুব শীঘ্রই মুম্বাইয়ে কম্পুলেট জেনারেলও খুলতে চলেছে।
- 4. দ্বিপাষ্কিক সম্পর্কের চিন্তাভাবনার জন্য, উভয়পক্ষ ভারত এবং চিলির মধ্যে সাম্প্রতিক সম্পর্কের পর্যালোচনা করেছেন। উভয়পক্ষ ভাদের বিস্তীর্ণ পরিসরের সম্পর্কের ভবিষ্যত গতিপথ নিয়ে আলোচনা করেছেন। অন্যান্য সকল বিষয়ের মধ্যে ব্যবসা এবং বাণিজ্য, কৃষি, স্বাস্থ্য ও সামাজিক সুরক্ষা, প্রতিরক্ষা, মহাকাশ, বিজ্ঞান ও প্রযুক্তি, শক্তি, থনি, সংস্কৃতি ও শিক্ষা, বিপর্যয় মোকাবিলা এবং অ্যান্টার্কটিকাতে সহযোগিতার ক্ষেত্রে দুই দেশের সম্পর্কের মধ্যে নতুন গতি আনার ক্ষেত্রে ভারা সহমত প্রকাশ করেছেন।
- 5. পারষ্পরিক স্বার্থের আঞ্চলিক এবং আন্তর্জাতিক সমস্যা, বিশেষত কোভিড-19 অতিমারি প্রাদুর্ভাবের প্রসঙ্গে দুই পক্ষ তাদের দৃষ্টিভঙ্গির বিনিময় করেছেন। ভারতের অর্থনৈতিক পুনর্জাগরণের ভিত্তি হিসেবে আত্ম-নির্ভরশীলতা এবং মানব-কেন্দ্রিক বিশ্বজনীনতার মাধ্যমে স্থিতিশীলতাকে বৃদ্ধি করার জন্য প্রধানমন্ত্রীর আত্মনির্ভর ভারত-এর দৃষ্টিভঙ্গীর উপরে বিদেশমন্ত্রী রেখাপাত করেছেন।তিনি ভারতের নতুন অর্থনৈতিক ক্ষমতা এবং বর্ধিত বাজারের সুযোগ নেবার জন্য চিলিকে আমন্ত্রণ জানিয়েছেন।
- 6. সার্বিক এবং আঞ্চলিক বিভিন্ন সমস্যার উপরে তাদের দৃষ্টিভঙ্গির একবিন্দুর প্রতি ঝোঁকের উপরে ভিত্তি করে বহুপাহ্ষিক মঞ্চে ঘনিষ্ঠ ভাবে সমন্বয় সাধনের ক্ষেত্রে উভয়পক্ষ সহমত হযেছেন।

নিউ দিল্লি অক্টোবর 16,2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.